



# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি



স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১২৩৩

তারিখ: ০৭/০৮/২০২০

**২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে।**

- শিক্ষার্থীকে ভর্তি প্রক্রিয়ার পূর্বেই বেসরকারি কলেজে ভর্তির ক্ষেত্রে ভর্তি ফিসহ মাসিক বেতন এবং অন্যান্য যাবতীয় খরচ অবহিত হয়ে সংশ্লিষ্ট কলেজে ভর্তি হওয়ার নির্দেশনা দেয়া হলো;
- অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের মেধাক্রম তালিকা কলেজের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট কলেজ/ সমমানের প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করবে;
- কোটাপ্রাপ্ত শিক্ষার্থীগণ কেবল কোটার উপযুক্ত প্রমাণ্য সনদ দাখিল সাপেক্ষে ভর্তির জন্য বিবেচিত হবে;
- এম.পি.ও.ডুক্র মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে সেশন চার্জসহ ভর্তি ফি সর্বসাকুল্যে ১,০০০/- (এক হাজার) টাকা, পৌর (জেলা সদর) এলাকায় ২,০০০/- (দুই হাজার) টাকা, ঢাকা ব্যতীত অন্যান্য মেট্রোপলিটান এলাকায় ৩০০০/- (তিন হাজার) টাকার বেশি আদায় করতে পারবে না;
- ঢাকা মেট্রোপলিটান এলাকায় অবস্থিত এম.পি.ও.ডুক্র শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার অতিরিক্ত অর্থ আদায় করতে পারবে না। ঢাকা মেট্রোপলিটান এলাকায় অবস্থিত আংশিক এম.পি.ও.ডুক্র বা এম.পি.ও.বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন এবং এম.পি.ও. বহির্ভূত শিক্ষকদের বেতন-ভাতা প্রদানের জন্য শিক্ষার্থী ভর্তির সময় ভর্তি ফি, সেশন চার্জ ও উন্নয়ন ফিসহ বাংলা মাধ্যমে সর্বোচ্চ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা এবং ইংরেজি ভাষানে সর্বোচ্চ ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা গ্রহণ করতে পারবে। উন্নয়ন খাতে কোন প্রতিষ্ঠান ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার বেশি আদায় করতে পারবে না;
- সরকারি কলেজসমূহ সরকারি পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ফি সংগ্রহ করবে;
- বর্তমান COVID-19 এবং অভিভাবকদের আর্থিক অস্থিরতার বিষয় বিবেচনা করে দরিদ্র, মেধাবী ও প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উল্লেখিত ফি যতদূর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- কোন শিক্ষার্থী অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন ফি প্রদান করবে না এবং অনুমোদিত সকল ফি রশিদের মাধ্যমে প্রদান করবে;
- শিক্ষা প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীর নিকট থেকে রেড ক্রিসেন্ট ফি বাবদ (২০/- টাকার ৬০%) ১২/-টাকা গ্রহণ করবে;
- কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে ও বিলম্বে ভর্তি হলে তার নিকট হতে উল্লিখিত ফি-এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করতে হবে, যথা:

ক্রমিক	বিবরণ	পরিমাণ
১.	পাঠ বিরতি ফি	১৫০/-
২.	বিলম্ব ভর্তি ফি	১০০/-

- ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর বোর্ডের বিজ্ঞপ্তির ভিত্তিতে শিক্ষার্থীরা বোর্ডের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় ফি প্রদান করে কলেজ, গ্রুপ ও বিষয় পরিবর্তন করতে পারবে। তবে মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে বিজ্ঞান বিভাগে গ্রুপ পরিবর্তনের কোন সুযোগ নেই এমনকি বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য গ্রুপে একবার ভর্তি হওয়ার পর পরবর্তীতে বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তনের কোন সুযোগ নেই;
- শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ভর্তি নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এম.পি.ও.ডুক্র বাতিল করা হবে এবং সরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে;
- শিক্ষার্থীদের কলেজে ভর্তির ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি যথাযথ ভাবে অনুসরণ পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন, এর ব্যত্যয় ঘটলে সকল দায় দায়িত্ব কলেজ কর্তৃপক্ষকে বহন করতে হবে।

০৭.০৮.২০২০

প্রফেসর মু. জিয়াউল হক

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ও

সভাপতি, বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি।

*(Handwritten signature)*